"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর

৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

Email: pdkishori2018@gmail.com


স্মারক নং: ৩২.০১.০০০০.০০৩.২৫.০২৬.২০- ৬৫৬

তারিখঃ ০৭/০১/২০২০ খ্রিঃ

বিষয়ঃ উপজেলা প্রতি ২ (দুই) জন নারী উদ্যোক্তার নামের প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় প্রতি উপজেলায় ২ জন নারী উদ্যোক্তাকে স্যানিটারী ন্যাপকিন উৎপাদনের বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত নারী উদ্যোক্তাগণকে প্রশিক্ষণ প্রদানের পর ৫০০০ (পাঁচ হাজার) টাকা অনুদান প্রদান করা হবে । উক্ত টাকায় তারা উপকরণ ক্রয় করে স্যানিটারী ন্যাপকিন তৈরী করবে ও ক্লাবের কিশোরী সদস্যদের প্রতি মাসে ০১ (এক) প্যাকেট হিসাবে স্যানিটারী ন্যাপকিন বিতরন করা হবে। প্রতি প্যাকেট স্যানিটারী ন্যাপকিনের মূল্য হবে ৪০ (চল্লিশ) টাকা যার ব্যয় প্রকল্পের বরাদ্দ হতে ব্যয় নির্বাহ করা হবে। এ লক্ষ্যে প্রতি উপজেলা হতে নারী উদ্যোক্তা তৈরীর জন্য আগ্রহী প্রার্থীদের নামের প্রস্তাব প্রেরণ করা আবশ্যক।

এমতাবস্থায়, উপজেলা নির্বাহী অফিসারের সাথে আলোচনা ক্রমে উপজেলা হতে আগ্রহী ২ (দুই) জন নারী উদ্যোক্তার নাম উপজেলা ক্লাব ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের আলোকে আগামী ২৫/০১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প পরিচালক বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)

বিকাশ চন্দ্র সিকদার
প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব)
কিশোর-কিশোর ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

৩। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা)।

৪। অফিস কপি।